দৈনিক সংবাদ

৬/১১/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৩

# মাধ্যমিক স্তরের বই সময়মতো পাওয়া নিয়ে সংশয়

রফিকুল বাসার ॥ মাধ্যমিক স্তরের বই যথাসময়ে ছাত্রছাত্রীদের কাছে পৌছানো নিয়ে এবারও অনিশ্চয়তা রয়েছে। প্রাথমিক পর্যায়ের বই ছাপা শুরু হলেও মাধ্যমিক স্তরের বই ছাপার কাজ এখনও শুরু হয়নি। নতুন বছর শুরু হতে আর মাত্র দুই মাস বাকি। এ অল্পদিনে সারাদেশে মাধ্যমিক স্তরের বই বই ঃ পৃঃ ২ কঃ ৩

## বই ঃ মাধ্যমিক

( ১ম পৃষ্ঠার পর )

ছাপিয়ে বন্টন করা সম্ভব হবে কিনা তা নিয়ে অভিভাবক মহলে সংশয় দেখা দিয়েছে। পাঠ্যপুস্তক বোর্ড-এর চেয়ারম্যান ড. শফিউল আলমের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, যেভাবে হোক যথাসময়ে ছাত্রছাত্রীদের হাতে বই পৌছানো হবে।

এদিকে মাধ্যমিক স্তরের বইয়ের কাগজের দায়িত্ব পাওয়া কর্ণফুলী পেপার মিলের প্রয়োজনীয় কাগজ উৎপাদন করতে ডিসেম্বরের ১ম সপ্তাহ লেগে যাবে বলে জানা গেছে।

মাধ্যমিক স্তরে প্রায় ২ কোটি বই ছাপানো হবে। বইয়ের কাগজের জন্য শুধু কর্ণফুলী পেপার মিলকে কাগজ উৎপাদনের দায়িত্ব দেয়া হয়েছে। অন্যান্য বার মাধ্যমিক স্তরের বেশিরভাগ বইই নিউজ প্রিন্ট কাগজে ছাপা হতো। এবার সরকার সাদা কাগজে ছাপার সিদ্ধান্ত নিয়েছে। সাদা কাগজে বই ছাপা হলে স্বাভাবিকভাবে বইয়ের দাম বাড়বে বলে দু'একজন কাগজ ব্যবসায়ী জানান।

যদিও বোর্ড সূত্রে জানা গেছে, এবার বইয়ের গুণগত মান বাড়বে, সেই সাথে দামও কমবে। বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি সূত্র জানায়, এবার বইপ্রতি দাম ১ টাকা করে কমানো হবে।

মাধ্যমিক স্তরের বই ছাপার কাগজ উৎপাদন করার জন্য '৯৬ সালের পর প্রথমবারের মতো ১টি কোম্পানিকে দায়িত্ব দেয়া হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ কাগজের দাম ফর্মাপ্রতি ন্যূনতম ১ টাকা ৪০ পয়সা নির্ধারণ করে দিয়েছে, যা গতবারের চেয়ে কম। দ্রুত বই ছাপা ও ছাত্রছাত্রীদের হাতে পৌছানোর জন্য জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনটিসিবি) কর্তৃপক্ষ ৩শ ৩৫টি মুদ্রণ প্রতিষ্ঠানকে বাছাই করেছে। প্যাকেজ ভিত্তিতে গ্রুপ করে মুদ্রণ প্রতিষ্ঠানগুলোকে দায়িত্ব দেয়া হয়েছে। এবার মাধ্যমিক স্তরে মোট ৬০টি বইয়ের ২ কোটি কপি বই ছাপা হবে।

প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের কিছু কিছু বইয়ে কিছু সংযোজন ও বিয়োজন হতে পারে বলে এনসিটিবি সূত্র জানায়।

এদিকে গতকাল সোমবার এনটিসিবিতে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, পিএমইডি-এর যুগ্মসচিব ও এনটিসিবির চেয়ারম্যান-মেম্বার ও সচিব পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রাথমিক স্তরের বই ঠিক সময়মতো ছাপা ও সরবরাহ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।